

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৯৬

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ (২) হজ ফর্য হওয়া সম্পর্কে বর্ণনা - "আর মানুষের মধ্যে যার সেখানে (বাইতুল্লাহয়) যাওয়ার সামর্থ রয়েছে, আল্লাহর উদ্দেশ্যে ঐ ঘরের হজ করা তার জন্য অবশ্য কর্তব্য" আল্লাহর এই বাণীর ব্যাখ্যা সম্পর্কে হাদীস

2 _ بَابٌ فَرْضُ الْحَجِّ _ ذِكْرُ الْأَخْبَارِ الْمُفَسِّرَةِ لِقَوْلِهِ جَلَّ وَعَلَا {وَلِلَّهِ عَلَى النَّاسِ حَجُّ الْبَيْت مَن اسْتَطَاعَ إِلَيْهِ سبيلا}

আরবী

3696 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو عُبَيْدَةَ بْنُ فُضَيْلِ بْنِ عِيَاضٍ قَال: حدثنا بشير بْنُ السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ زِيَادٍ وَيُوسُفُ بْنُ سَعْد: أَنَّ أَبَا هُرَيْرَةَ ذَكَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَطَبَ فَقَالَ: وَيُوسُفُ بْنُ سَعْد: أَنَّ اللَّهَ قَدِ افْتَرَضَ عَلَيْكُمُ الْحَجَّ) فَقَامَ رَجُلٌ فَقَالَ: أَكلَّ عَامٍ يَا رَسُولَ النَّهِ؟ قَالَ: فَقَالَ: أَكلَّ عَامٍ يَا رَسُولَ النَّهِ؟ قَالَ: فَقَالَ: أَكلَّ عَامٍ يَا رَسُولَ النَّهِ؟ قَالَ: (لَوْ قُلْتُ: نَعَمْ لَوَجَبَتْ وَلَوْ وَجَبَتْ مَا قُدُونِي مَا تَرَكْتُكُمْ فَإِنَّمَا هَلَكَ الَّذِينَ قَبْلَكُمْ بِكَثْرَةِ سُواللهُمْ وَاخْتِلَافَهُمْ عَلَى مَا قُرَكْتُ عَنْ شَيْءِ فَاجْتَنِبُوهُ وَإِذَا أَمَرْتُكُمْ بِشَيْءٍ فَأْتُوا مِنْهُ مَا اسْتَطَعْتُمْ) وَذَكرَ أَنْ هَذِهِ الْآيَةِ الْآيِي فِي الْمَائِدَةِ نَزَلَتْ فِي ذَلِكَ: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ أَنَّا الّذِينَ آمَنُوا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ أَنَّهُ لَكُمْ الْكَبَدُ الْكَبَا أَنْ الْمَائِدَةِ نَزَلَتْ فِي ذَلِكَ: {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ أَتُكُمْ لَكُولًا لَا تَسْأَلُوا عَنْ أَشْيَاءَ إِنْ أَنَّهُ لَكُمْ تَسُوكَم} [المائدة: 101].

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3696 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (980): م، خ، وفيه: ((ذروني)).

বাংলা

৩৬৯৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার লোকদের উদ্দেশ্যে ভাষণে বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর হজ ফরয করে



দিয়েছেন।" তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা কি প্রত্যেক বছর?" রাবী বলেন, "অতঃপর তিনি চুপ থাকেন। এভাবে লোকটি তিনবার প্রশ্ন করেন। অতঃপর তিনি বলেন, "যদি আমি 'হ্যাঁ' বলতাম, তবে সেটা ওয়াজিব হয়ে যেতো। আর যদি সেটা ওয়াজিব হয়ে যেতো, তবে তোমরা সেটা পালন করতে পারতে না। আমি যেই বিষয় (নিয়ে আলোচনা) ছেড়ে দেই, তোমরা আমাকে সেই বিষয়ে (প্রশ্ন করা) ছেড়ে দিবে। কেননা তোমাদের পূর্ববর্তী লোকেরা অধিক প্রশ্ন করা এবং তাদের নাবীদের ব্যাপারে মতভেদ করার কারণে ধ্বংস হয়ে গেছে। কাজেই যখন আমি তোমাদেরকে কোন কিছু করতে নিষেধ করি, তখন তোমরা তা থেকে দূরে থাকবে। আর যখন আমি তোমাদেরকে কোন কিছু করতে আদেশ করি, তখন তোমরা সেখান থেকে সাধ্যমত আমল করো।"

রাবী বলেন, সূরা মায়িদার এই আয়াতটিও এই ব্যাপারে অবতীর্ণ হয়েছে। মহান আল্লাহ বলেছেন, يَا أَيُهَا الَّذِينَ (হে ঈমানদারগণ, তোমরা এমন সব বিষয় সম্পর্কে জিজেস করো না, যদি তা তোমাদের কাছে প্রকাশ করা হয়, তবে তোমাদের খারাপ লাগবে।–সূরা মায়িদা: ১০১)।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫০৮; সহীহ মুসলিম: ১৩৩৭; সুনান বাইহাকী: ৪/৩২৬; নাসাঈ: ৫/১১০-১১১; দারাকুতনী: ২/২৮১; তাবারী: ১২৮০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন